

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৮৫

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাস্ত্রের প্রস্তুতিকরণ

# আরবী

وَعَنْ هُودِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ سَعْدٍ عَن جدِّهِ مِزيدةَ قَالَ: دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ الْفَتْح وَعَلَى سَيْفِهِ ذَهَبٌ وَفِضَّةٌ. رَوَاهُ التِّرْمِذِيّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

#### বাংলা

৩৮৮৫-[২৫] হূদ ইবনু 'আব্দুল্লাহ ইবনু সা'দ তার দাদা অথবা নানা মাযীদাহ্ হতে বর্ণনা করেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন যখন মক্কায় প্রবেশ করছেন তখন তাঁর তরবারির বাঁটের মধ্যে স্বর্ণ ও রৌপ্যখচিত ছিল। (তিরমিযী)[1]

# ফুটনোট

[1] য'ঈফ : তিরমিয়ী ১৬৯০। কারণ এর সনদে হূদ বিন 'আবদুল্লাহ বিন সা'দ একজন মাজহূল রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَعَلَى سَيْفِه ذَهَبٌ وَفِضَّةٌ) "তাঁর তরবারি স্বর্ণ ও রৌপ্য খচিত ছিল" এ হাদীসটি যদিও প্রমাণ করে যে, তরবারি স্বর্ণ খচিত করা বৈধ। তবে অত্র হাদীসটি দলীলযোগ্য নয়।

তূরিবিশতী বলেনঃ মাযীদাহ্ বর্ণিত এ হাদীসটি দ্বারা দলীল প্রতিষ্ঠিত হয় না, কেননা এ হাদীসের গ্রহণযোগ্য কোনো সানাদ নেই। "ইসতী'আব" গ্রন্থের লেখক অত্র হাদীসটি উল্লেখ করার পর বলেনঃ এ হাদীসটির সানাদ শক্তিশালী নয়। অতএব তরবারি স্বর্ণখচিত করা বৈধ নয়। (তুষ্ফাতুল আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৬৯০; মিরকাতুল মাফাতীহ)

## হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=69212}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন